

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 16-06-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Task Monitoring System-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল সচিবালয়ে আয়োজিত টাস্ক মনিটরিং সিস্টেম এর এক সভার পৌরহিত্য করেন। রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি, স্বাস্থ্য পরিষেবা, পরিকাঠামো উন্নয়ন ও জনস্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয়। সভায় মুখ্যমন্ত্রী বিভিন্ন দপ্তরের আধিকারিকদের জনসেবামূলক কাজ আরও দ্রুত, স্বচ্ছভাবে দায়িত্ব নিয়ে করার জন্য নির্দেশ দেন। নেশা ও অপরাধের বিরুদ্ধে সংঘবদ্ধভাবে অভিযান পরিচালনার উপর বিশেষ গুরুত্ব আরোপ করে তিনি বলেন, প্রতিটি জেলায় মোবাইল পেট্রোলিং ব্যবস্থা সর্বদা সক্রিয় রাখতে হবে এবং শিশুদের পার্ক বা জনসমাগম হয় এমন জায়গাগুলিতে সুস্থ পরিবেশ বজায় রাখতে সতর্ক থাকতে হবে। এই বিষয়ে পুলিশ প্রশাসনকে আরও তৎপর ও সক্রিয় ভূমিকা গ্রহণের নির্দেশ দেন তিনি।

Ministry Of Culture :

ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রক বরিষ্ঠ শিল্পীদের জন্য আর্থিক সহায়তা প্রকল্পে আবেদনপত্র আহ্বান করেছে। রাজ্য বা কেন্দ্রীয় সরকারের পুরস্কারপ্রাপ্ত কিংবা আকাশবাণী / দূরদর্শনের স্বীকৃত শিল্পী এই আর্থিক সহায়তার জন্য আবেদন করতে পারবেন। আবেদনের সময় তাদের বয়স হতে হবে কমপক্ষে ৬০ বছর এবং তাদের ব্যক্তিগত মাসিক আয় ৬,০০০ টাকার বেশি হতে পারবে না। তবে তারা যদি কোনও সরকারি সংস্থা থেকে ইতিমধ্যে কোনও ভাতা পেয়ে থাকেন তা আয়ের মধ্যে গণ্য হবে না। সংস্কৃতি মন্ত্রকের

ওয়েবসাইট (www.indiaculture.gov.in) MOC Schemes Application-
এ গিয়ে অনলাইনে আবেদনপত্র জমা দেওয়া যাবে। তবে নির্দিষ্ট ফরম্যাটে
সেই আবেদনপত্র সংশ্লিষ্ট রাজ্য কেন্দ্রশাসিত অঞ্চলের কিংবা সংশ্লিষ্ট জোনাল
কালচারেল সেন্টারের মাধ্যমে জমা দিতে হবে এবং সেই রাজ্য/কেন্দ্রশাসিত
অঞ্চল/ জোনাল কালচারেল সেন্টারের সুপারিশ ছাড়া মন্ত্রক আবেদনপত্র
অনুমোদনের জন্য বিবেচনা করবে না।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্লোভাকিয়া প্রতিপক্ষ রবার্ট ফিকোর সঙ্গে গতকাল
ব্রাতিস্লাভায় দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। এই উপলক্ষে বক্তব্য রাখতে
গিয়ে, শ্রী ফিকো ভারতের অর্জিত অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রশংসা করে বলেন,
উভয় দেশের মধ্যে গভীর সম্পর্ক রয়েছে। প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, এই
সফর ভারত-স্লোভাকিয়া সম্পর্ককে আরো গভীর করবে এবং দুই দেশের
মধ্যে সহযোগিতার নতুন সুযোগ তৈরি হবে। আলোচনার পর এক যৌথ
সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, ডিজিটাল প্রযুক্তি নিয়ে
স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি দুই দেশের মধ্যে সহযোগিতার নতুন পথ
খুলে দেবে।

#####Byte-PM#####

Village Committee :

এডিসি'র আসন্ন ভিলেজ কমিটির নির্বাচন নিয়ে আজ সুপ্রিমকোর্টে শুনানীর
দিন ধার্য রয়েছে। এদিকে, ভিলেজ কমিটির নির্বাচনের জন্য গতকাল
চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। বিভিন্ন ব্লকে রিটার্নিং
অফিসারগণ স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের হাতে চূড়ান্ত ভোটার
তালিকার কপি তুলে দেন।

DISHA-Dhalai :

ধলাই জেলার জেলাশাসক কার্যালয়ে গতকাল ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কো-অর্ডিনেশন অ্যান্ড মনিটরিং কমিটি তথা দিশা'র সভা অনুষ্ঠিত হয়। সাংসদ কৃতিদেবী দেববর্মণের সভাপতিত্বে অনুষ্ঠিত এই দিশা সভায় জেলার বিভিন্ন দপ্তরের অধীনে পরিচালিত জনকল্যাণমূলক প্রকল্পগুলির অগ্রগতি বিস্তারিত ভাবে তুলে ধরা হয়। সাংসদ কৃতিদেবী দেববর্মণ জেলার সার্বিক উন্নয়নের স্বার্থে বিভিন্ন দপ্তরের আধিকারিকদেরকে জনপ্রতিনিধিদের সঙ্গে সমন্বয় রেখে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, প্রশাসন ও জনপ্রতিনিধিদের সম্বলিত প্রচেষ্টার মাধ্যমে উন্নয়নের ধারাকে আরও গতিশীল ও জনমুখী করে তুলতে হবে।

12 years of Govt :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকারের ১২ বছর পূর্তি উপলক্ষ্যে গতকাল মাতাবাড়ির ধন্যমাণিক্য মুক্তমঞ্চে এবং তেপানিয়া ব্লক অফিসে আয়োজিত জনকল্যাণ শিবিরের উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। তিনি বলেন, ৩ দিনব্যাপী শিবিরে বিভিন্ন সরকারি স্টলের মাধ্যমে কেন্দ্র ও রাজ্য সরকারের নানা প্রকল্প সম্পর্কে জনগণকে অবহিত করা হবে। বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধা মানুষের কাছে পৌঁছে দেওয়া হবে। এদিকে গতকাল সাতচাঁদ কমিউনিটি হলে ব্লকভিত্তিক জনকল্যাণ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বিভিন্ন দপ্তর থেকে সুবিধাভোগীদের সাহায্য করা হয়।

FIFA World Cup :

২০২৬ ফুটবল বিশ্বকাপে আন্ডারডগ কেপ ভার্দের কাছে হ্যাঁচট খেল বিশ্বকাপের অন্যতম ফেভারিট স্পেন। দুর্দান্ত রক্ষণাত্মক ফুটবল খেলে স্প্যানিশদের গোলশূন্য ড্রয়ে আটকে দেয় আফ্রিকার দলটি। অন্যদিকে,

বেলজিয়াম ও মিশরের ম্যাচ ১-১ গোলে শেষ হয়েছে। এছাড়া সৌদি আরব ও উরুগুয়ের মধ্যে লড়াইটিও ১-১ গোলে ড্র হয়েছে। ভারতীয় সময় অনুযায়ী আজ সকাল ৬টা ৩০ মিনিটে শুরু হয়েছে ইরান বনাম নিউজিল্যান্ডের ম্যাচ।

Weather :

আগামী ২৪ ঘন্টায় সিপাহীজলা জেলা ও দক্ষিণ জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।
